

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
আইসিটি শাখা



জেলা ইনোভেশন টিমের মার্চ ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ নূর-এ-আলম অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
সভার তারিখ	১৯ মার্চ ২০২৪ খ্রি.
সভার সময়	দুপুর ১২.২০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (কক্ষ-১)
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি কর্তৃক সভার শুরুতেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয় এবং একই সাথে মহান মুক্তিযুদ্ধের শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) কর্তৃক বিগত সভার কার্যবিবরণী উপস্থিত সদস্যবৃন্দকে পাঠ করে শোনানো হয় এবং সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর নিয়মিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	সরকারী দপ্তরে নতুন উদ্ভাবনী প্রকল্প গ্রহণ	উদ্ভাবনী চিন্তার বিকাশের মাধ্যমে সরকারি দপ্তরে সেবাসমূহকে কিভাবে সহজে, দ্রুত সময়ে সেবা গ্রহীতাদের মাঝে পৌঁছানো যায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় এবং কোন সরকারি দপ্তরের এক বা একাধিক নতুন উদ্ভাবনী উদ্যোগ থাকলে তা জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	উদ্ভাবনী চিন্তার বিকাশের মাধ্যমে সরকারি দপ্তরে সেবাসমূহকে কিভাবে সহজে, দ্রুত সময়ে সেবা গ্রহীতাদের মাঝে পৌঁছানো যায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। মার্চ এর শেষ সপ্তাহে রংপুর বিভাগীয় ইনোভেশন শোকেসিং ২০২৪ অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে প্রদর্শনের যোগ্য নতুন এক বা একাধিক উদ্ভাবনী উদ্যোগ থাকলে তা জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের প্রধানগণকে অনুরোধ জানানো হয়।	সকল সরকারি দপ্তর প্রধান দিনাজপুর।
০২.	সফল উদ্ভাবনী উদ্যোগসমূহ রেপ্লিকেটকরণ	সভায় সকল সরকারি দপ্তরের শোকেসিং যোগ্য উদ্ভাবনী উদ্যোগসমূহের মধ্যে সফল উদ্ভাবনী উদ্যোগসমূহ রেপ্লিকেট করে তার ডকুমেন্ট জেলা ইনোভেশন টিম বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	সভায় সকল সরকারি দপ্তরের শোকেসিং যোগ্য উদ্ভাবনী উদ্যোগসমূহের মধ্যে সফল উদ্ভাবনী উদ্যোগসমূহ রেপ্লিকেট করে তার ডকুমেন্ট জেলা ইনোভেশন টিম বরাবর প্রেরণ করার জন্য সকল সরকারি দপ্তরের প্রধানগণকে অনুরোধ জানানো হয়।	সকল সরকারি দপ্তর প্রধান দিনাজপুর।

০৩.	মাঠ পর্যায়ে গৃহীত উদ্ভাবনী প্রকল্পের মূল্যায়ন	উপজেলা ইনোভেশন টিমকে আরো গতিশীল এবং কার্যকর করার লক্ষ্যে নিয়মিত ইনোভেশন টিমের সভা আয়োজন করে গৃহীত উদ্ভাবনী প্রকল্প সমূহের অগ্রগতি ও বর্তমান অবস্থা মূল্যায়ন প্রতিবেদন জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	উপজেলা পর্যায়ে নিয়মিত ইনোভেশন টিমের সভা করে গৃহীত উদ্ভাবনী প্রকল্প সমূহের অগ্রগতি মূল্যায়ন প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) দিনাজপুর
-----	---	---	--	---------------------------------------

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ নূর-এ-আলম

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

স্মারক নম্বর: ০৫.৫৫.২৭০০.০২৫.১৩.০০২.১৮.৩৪

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০

০১ এপ্রিল ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

২) দিনাজপুর।

মোহাম্মদ নূর-এ-আলম

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)